

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩.৬ চাঁদ দেখা - ১০. কিসের ভিত্তিতে সিয়াম পালন শুরু করতে হয়?

চাঁদ দেখার ভিত্তিতে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

"তোমরা চাঁদ দেখে রোযা রাখো এবং চাঁদ দেখেই তা ভঙ্গ করো (অর্থাৎ ঈদ কর)।" (বুখারী: ১৯০৯, মুসলিম: ১০৮১)

"ইবনে উমার (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, মানুষ দলে দলে চাঁদ দেখতে শুরু করল। এমনি সময় আমি চাঁদ দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে জানালাম। আমার এ সংবাদের উপর ভিত্তি করে নাবী কারীম সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম রোযা রাখলেন এবং সবাইকে রোযা রাখার নির্দেশ দিলেন। (আবু দাউদ: ২৩৪)। "এক গ্রাম্য ব্যক্তি এসে নাবী কারীম (সা.)-কে জানালেন, আমি তো চাঁদ দেখেছি অর্থাৎ রমাযানের চাঁদ। অতঃপর রাসূল বললেন, তুমি কি লা ইলাহা ইল্লাল্লাহ- (কালিমার) উপর ঈমান এনেছ? লোকটি উত্তর দিল: হ্যাঁ। রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আবার জিজ্ঞেস করলেন, তুমি কি আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ (অর্থাৎ মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল) এ কথার উপর ঈমান এনেছ? লোকটি উত্তর দিল: হ্যা। অতঃপর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবী বেলাল (রা.)-কে বললেন, হে বেলাল! মানুষকে জানিয়ে দাও, তারা যেন আগামী কাল থেকে রোযা রাখে।" (আবু দাউদ: ২৩৪০, হাদীসটি দুর্বল)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13409

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন